বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১১০

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ডিএসইর কৌশলগত অংশীদার চীনের শেনজেন স্টক এক্সচেঞ্জ ও সাংহাই স্টক এক্সচেঞ্জের প্রতিনিধি দলের সাথে বিএসইসি'র বৈঠক।**

অদ্য ২৯ এপ্রিল ২০২৫ রোজ মঙ্গলবার তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সাথে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এর কৌশলগত অংশীদার চীনের শেনজেন স্টক এক্সচেঞ্জ ও সাংহাই স্টক এক্সচেঞ্জের প্রতিনিধি দলের বৈঠক অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বিএসইসি'র কমিশন সভা কক্ষে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ এবং ডিএসই'র চেয়ারম্যান জনাব মমিনুল ইসলাম উপস্থিত ছিলেন। চীনের শেনজেন স্টক এক্সচেঞ্জের ডেপুটি ডিরেক্টর জেনারেল ও ডিএসইর পরিচালক Mr. Wang Hai নেতৃত্বে বৈঠকে অংশগ্রহণকারী প্রতিনিধি দলে ছিলেন: শেনজেন স্টক এক্সচেঞ্জের আইটি বিভাগের সিনিয়র ম্যানেজার Mr. LIN Lin ও Mr. ZHENG Chao, লিগ্যাল অ্যাফেয়ার্স বিভাগের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার Mr. XIAN Yi এবং ইন্টারন্যাশনাল কো-অপারেশন বিভাগের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার Ms. HOU Lingyu।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ বৈঠকে অন্যান্যের মধ্যে বলেন, "শেনজেন স্টক এক্সচেঞ্জ ও চীনের প্রতিনিধিদের শুধু ডিএসইর কৌশলগত অংশীদার বা শেয়ারহোল্ডার হিসেবে নয়, আমরা বন্ধু হিসেবে বিবেচনা করি এবং এই সম্পর্ককে আমরা বিশেষ গুরুত্বের সাথে মূল্যায়ন করি। বাংলাদেশ ও চীন দুদেশের পারস্পারিক সহযোগিতায় অনেক কিছু অর্জন সম্ভব।" তিনি ডিএসই ও শেনজেন স্টক এক্সচেঞ্জের তথা চীনের প্রতিনিধি দলের পারস্পারিক বোঝাপড়ার প্রশংসা করেন। তিনি ডিএসই ও শেনজেন স্টক এক্সচেঞ্জের মধ্যে কম্প্রিহেনসিভ গ্যাপ অ্যানালাইসিস এর পরামর্শ দেন। তিনি আইটি ইনফ্রাস্ট্রাকচার, রিস্ক ম্যানেজমেন্ট, অংশীজনদের সাথে সম্পর্ক ও সমন্বয় রক্ষা এবং প্রোডাক্ট ডেভেলপমেন্ট এর ক্ষেত্রে সমন্বিত উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। চীনের বিনিয়োগকারীদের বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগে আকৃষ্ট করতে বিশেষ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য তিনি ডিএসই ও শেনজেন স্টক এক্সচেঞ্জকে অনুরোধ জানান। চীনের শেনজেন স্টক এক্সচেঞ্জ, সাংহাই স্টক এক্সচেঞ্জ ও চীনের নিয়ন্ত্রক সংস্থা থেকে বাংলাদেশের পুঁজিবাজার সংশ্লিষ্টদের (counterparts) অনেক কিছু শেখার রয়েছে বলে তিনি উল্লেখ করেন। বাংলাদেশের পুঁজিবাজার উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল ধরণের সহযোগিতা করতে বিএসইসি প্রস্তুত আছে বলে জানান তিনি।

শেনজেন স্টক এক্সচেঞ্জের ডেপুটি ডিরেক্টর জেনারেল ও ডিএসইর পরিচালক Mr. Wang Hai অন্যান্যের মধ্যে বলেন, কোভিড পরবর্তী সময়ে পাঁচ বছর পর আমরা বাংলাদেশে এসেছি এবং এর মাধ্যমে বিগত কিছু সময়ের যোগাযোগের গ্যাপ পূরণ হবে বলে আশা করছি। বাংলাদেশে চীনের জন্য ভালো পরিবেশ রয়েছে এবং পুঁজিবাজার ও সংশ্লিষ্ট ক্ষেত্রে দুই দেশের টিম ঘনিষ্ঠভাবে কাজ করবে বলে উল্লেখ করেন তিনি। তিনি বিএসইসির পথনির্দেশনা (guidance) ও সহযোগিতা (cooperation) প্রার্থনা করেন। তিনি বৈঠকে আলোচিত বিষয়গুলোতে যথাসম্ভব সহযোগিতার আশ্বাস দেন। ক্রস বর্ডার রোড শো এর বিষয়ে ডিএসই উদ্যোগ গ্রহণ করলে শেনজেন স্টক এক্সচেঞ্জ প্রয়োজনীয় সহায়তা করবে বলে জানান তিনি।

ডিএসই'র চেয়ারম্যান জনাব মমিনুল ইসলাম বৈঠকে পুঁজিবাজার ও ডিএসই এর উন্নয়নের ক্ষেত্রে ডিএসই'র কৌশলগত অংশীদার তথা চীনের শেনজেন স্টক এক্সচেঞ্জ ও সাংহাই স্টক এক্সচেঞ্জের সাথে দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও রোড ম্যাপের বিষয়ে আলোচনা করেন। বৈঠকে ডিএসইর পক্ষ হতে ভি-নেক্সট প্ল্যাটফর্ম ও চীনের বিনিয়োগকারীদের আকৃষ্টকরণে ক্রস বর্ডার রোড শোসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ ও সহায়তার অনুরোধ জানানো হয়। এছাড়াও বৈঠকে পুঁজিবাজারের বিভিন্ন দিক এবং ভবিষ্যত সম্ভাবনাসমূহ নিয়ে আলোচনা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

29/04/2025

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

